

নৌবাহিনী আন্তঃজাহাজ/ ঘাঁটি সুইমিং ও ওয়াটারপোলো প্রতিযোগিতা সমাপ্ত

বাংলাদেশ নৌবাহিনীর আন্তঃজাহাজ/ ঘাঁটি 'সুইমিং ও ওয়াটারপোলো প্রতিযোগিতা-২০১৭' নৌবাহিনী ঘাঁটি ঈসা খানের সার্বিক ব্যবস্থাপনায় রবিবার (৩০-০৭-২০১৭) চট্টগ্রামস্থ বানৌজা ঈসা খান সুইমিং পুলে সমাপ্ত হয়েছে।

আজ সমাপনী দিনে চট্টগ্রাম নৌ অঞ্চলের আঞ্চলিক কমান্ডার রিয়ার এডমিরাল এম আবু আশরাফ (Rear Admiral M Abu Ashraf) প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্ট উপভোগ এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



বাংলাদেশ নৌবাহিনীর আন্তঃজাহাজ/ঘাঁটি 'সুইমিং ও ওয়াটারপোলো প্রতিযোগিতা-২০১৭' এর সমাপনী অনুষ্ঠানে আজ রবিবার (৩০-০৭-২০১৭) চট্টগ্রামস্থ বানৌজা ঈসাখান সুইমিং পুলে চট্টগ্রাম নৌঅঞ্চলের আঞ্চলিক কমান্ডার রিয়ার এডমিরাল এম আবু আশরাফ সাঁতার প্রতিযোগিতায় শিরোপা বিজয়ী বানৌজা হাজী মহসীন দলকে চ্যাম্পিয়ন ট্রফি প্রদান করেন।
ছবিঃ আইএসপিআর

আট দিনব্যাপী এ প্রতিযোগিতায় বাংলাদেশ নৌবাহিনীর বিভিন্ন জাহাজ ও ঘাঁটির মোট নয়টি দল অংশগ্রহণ করে। প্রতিযোগিতার সমাপনী দিনে সাঁতারে বানৌজা হাজী মহসীন দল ২০১ পয়েন্ট পেয়ে চ্যাম্পিয়ন এবং বানৌজা ঈসা খান ও বানৌজা তিতুমীর দল ১৭৪ পয়েন্ট পেয়ে যৌথভাবে রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে। এছাড়া, ওয়াটারপোলোতে বানৌজা ঈসা খান দল ৫-৩ গোলে বানৌজা তিতুমীর দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়। প্রতিযোগিতায় বানৌজা হাজী মহসীন দলের এসসিপিও (মিউজ) মোঃ আঃ হামিদ রিপন অনবদ্য ক্রীড়া নৈপুণ্য প্রদর্শনের জন্য সেরা খেলোয়াড় বিবেচিত হন।



বাংলাদেশ নৌবাহিনীর আন্তঃজাহাজ/ঘাঁটি 'সুইমিং ও ওয়াটারপোলো প্রতিযোগিতা-২০১৭' এর সমাপনী অনুষ্ঠানে আজ রবিবার (৩০-০৭-২০১৭) চট্টগ্রামস্থ বানৌজা ঈসাখান সুইমিং পুলে চট্টগ্রাম নৌঅঞ্চলের আঞ্চলিক কমান্ডার রিয়ার এডমিরাল এম আবু আশরাফ ওয়াটারপোলো প্রতিযোগিতায় শিরোপা বিজয়ী বানৌজা ঈসাখান দলকে চ্যাম্পিয়ন ট্রফি প্রদান করেন।
ছবিঃ আইএসপিআর

সমাপনী দিনের অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে স্থানীয় পদস্থ নৌ কর্মকর্তাগণ ও বিপুল সংখ্যক নাবিক উপস্থিত ছিলেন।